কালের কণ্ঠ

তারিখ: 07 JAN 2015
পৃষ্ঠা: ১৮

নর্দান ইউনিভার্সিটি

# ফার্মেসি বিভাগের নবীনবরণ অনুষ্ঠিত

নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশের (এনইউবি) ফার্মেসি বিভাগের শিক্ষার্থীদের নবীনবরণ ও বিদায়ী অনুষ্ঠান গত মঙ্গলবার অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি ছিলেন সময় টেলিভিশনের পরিচালক ও উপদেষ্টা নোর্শেদুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন নর্দান ইউনিভার্সিটি ট্রাস্টের চেয়ারম্যান আবু ইউসুফ মো. আব্দুল্লাহ, ভারপ্রাপ্ত ভাইস চ্যান্সেলর এ ডাব্লিউ এম আব্দুল হক, সাবেক ভাইস চ্যান্সেলর এ এম শামসুল হক, প্রো-ভাইস চ্যান্সেলর ড. আনোয়ারুল করীম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ড. মো. সাইফুল ইসলাম, পরিচালক রেডিয়েন্ট ফার্মাসিউটিক্যালস লিমিটেডের মো. আকতার হোসাইন।

এ ছাড়া উপস্থিত ছিলেন বিভাগীয় উপদেষ্টা ড. এ বি এম ফারুক ও ড. আবুল হাসনাত, ট্রেজারার মো. আনোয়ার হোসাইন, ডেপুটি রেজিস্ট্রার এস এম আল মামুন মুকুলসহ বিভাগীয় শিক্ষক ও কর্মকর্তারা। সংবাদ বিজ্ঞপ্তি।